

## 💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৬৯

১/ বিবিধ

আরবী

العالم لا يخرف موضوع

قال ابن أبي حاتم في " العلل " (2 / 439) ، وسئل أبي عن حديث رواه العلاء ابن زيدل عن أنس مرفوعا: " العالم لا يخرف "، فقال: العلاء ضعيف الحديث متروك الحديث، وقد وجدنا من ينسب إلى العلم المسعودي والجريري وسعيد بن أبي عروبة وعطاء بن السائب وغيرهم يعني أنهم قد تغيروا في آخر عمرهم قلت: العلاء هذا قال الذهبي: تالف، قال ابن المديني: كان يضع الحديث وقال ابن حبان: روى عن أنس نسخة موضوعة وقد روي الحديث بلفظ آخر (الأتي)

## বাংলা

২৬৯। আলেম ব্যাক্তির বার্ধক্য জনিত কারণে মস্তিষ্ক বিকৃত হবে না।

হাদীসটি জাল।

ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/৪৩৯) বলেনঃ আমার পিতাকে আলা ইবনু যায়দাল কর্তৃক আনাস (রাঃ) হতে বর্ণনাকৃত হাদীস সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি বলেনঃ 'আলা দুর্বল, মাতরূকুল হাদীস। আমরা জ্ঞানের অধিকারী মাসউদী, জারীরী, সাঈদ ইবনু আরুবা, আতা ইবনুস সায়েব ও অন্যান্যদের পেয়েছি তাদের প্রত্যেকের শেষ বয়সে মস্তিঙ্কে পরিবর্তন ঘটেছিল।



আমি (আলবানী) বলছিঃ এ আলা সম্পর্কে যাহাবী বলেছেনঃ তিনি ধ্বংসপ্রাপ্ত। ইবনুল মাদীনী বলেনঃ তিনি হাদীস জাল করতেন। ইবনু হিব্বান বলেনঃ তিনি আনাস (রাঃ) হতে জাল কপি বর্ণনা করেছেন।

তিনি হাদীসটি অন্য ভাষাতেও বর্ণনা করেছেন এভাবেঃ (দেখুন পরেরটি)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন